

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- টিএসসি/ইনঃননটেক/অভিঃ/২০০৭/১৭৮৫/অংশ-৩/২২২৭

তারিখ : ২২/০৯/২০১৬ খ্রিঃ

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।


সূত্র : শরীয়তপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের স্মারক নং-টিএসসি/শরী/৫৯২ তারিখ: ১৬/০৮/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন শরীয়তপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষের কক্ষে তিনি (জনাব মোঃ মিজানুর রহমান) এবং ইন্সট্রাক্টর (বাংলা) জনাব মোহাম্মদ মোখলেছুর রহমান গত ০৬/০৮/২০১৬ খ্রিঃ তারিখ সকাল ১০:৪০ ঘটিকার সময় প্রবেশ করে আকস্মিক ও উদ্দেশ্যমূলকভাবে গালিগালাজ করেন, অসৌজন্যমূলক ব্যবহার করেন এবং এক পর্যায়ে মারতে উদ্যত হন। এ অভিযোগের কারণে গত ০৭/০৮/২০১৬ খ্রিঃ তারিখে টিএসসি/ইনঃননটেক/অভিঃ/২০০৭/১৭৮৫/অংশ-৩/১০১৫(৪) স্মারকমূলে কৈফিয়ৎ তলব করা হয়।

২। কৈফিয়ৎ তলবের জবাব পাওয়া গেছে। তাঁর জবাব সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়নি।

সরকারী কর্মচারী হিসাবে তাঁর উপরোক্ত কার্যকলাপ সরকারী কর্মচারী আচরণ বিধির পরিপন্থি এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

এমতাবস্থায়, কেন তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর দণ্ড বিধি ৩ এর (বি) “অসদাচরণ” (Misconduct) এর দায়ে অভিযুক্ত করা হবে না, তা এ বিধিমালা ৬(এ) ধারা মোতাবেক পত্র প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো।


(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম সচিব
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপ্ত : জনাব মোঃ মিজানুর রহমান
ইন্সট্রাক্টর (গণিত)
বেগমগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ
বেগমগঞ্জ, নোয়াখালী।

অনুলিপি :

- ০১। অধ্যক্ষ, বেগমগঞ্জ/শরীয়তপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, বেগমগঞ্জ, নোয়াখালী/শরীয়তপুর।
- ০২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।
- ০৩। পিএ টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। সংরক্ষণ নথি।